

(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জনপ্রশাসন মন্ত্রণালয়  
বাজেট ও পরিবীক্ষণ শাখা  
www.mopa.gov.bd

নম্বর: ০৫.০০.০০০০.১১৯.১৬.০০৫.১৮.৯৬৮

তারিখ: ১৪ কার্তিক ১৪৩১  
৩০ অক্টোবর ২০২৪

পরিপত্র

বিষয়: বিভিন্ন ধরনের সরকারি যানবাহন ব্যবহার এবং সরকারি সড়ক পরিবহন পুলের ডরমিটরির সিট ভাড়া/রেট সংশোধনপূর্বক নিম্নরূপভাবে পুনর্নির্ধারণ সংক্রান্ত।

সরকার কর্তৃক ইতোপূর্বে নির্ধারিত বিভিন্ন ধরনের সরকারি যানবাহন ব্যবহার এবং সরকারি সড়ক পরিবহন পুলের ডরমিটরির সিট ভাড়া সংশোধনপূর্বক নিম্নরূপভাবে পুনর্নির্ধারণ করা হলো:

ক্র. নং	যানবাহন ব্যবহারের ধরণ	ভাড়ার হার/রেট
০১.	সার্বক্ষণিক ব্যবহার (প্রাধিকার প্রাপ্ত কর্মকর্তা)	মাসিক ৮০০ টাকা। সরকারি কর্মকর্তাদের মধ্যে যারা সার্বক্ষণিক গাড়ি পান তাঁদের ক্ষেত্রে প্রযোজ্য হবে। তাছাড়া কর্পোরেশন ও সংস্থার সার্বক্ষণিক প্রাধিকারপ্রাপ্ত কর্মকর্তাদের ক্ষেত্রেও এই হার/রেটে টাকা প্রদান প্রযোজ্য হবে।
০২.	সরকারি কাজে: (ক) কার (খ) মিনিবাস/মাইক্রোবাস (গ) বাস	প্রতি কিলোমিটার ১.২০ টাকা। প্রতি কিলোমিটার ১.০০ টাকা। প্রতি কিলোমিটার ০.৩০ টাকা। এই ভাড়ার হার সকল মন্ত্রণালয়/বিভাগের অধীনস্থ দপ্তর/সংস্থার বাসের ক্ষেত্রেও প্রযোজ্য হবে।
০৩.	ব্যক্তিগত কাজে ব্যবহার (অন-পেমেন্ট) (কর্মকর্তা/কর্মচারী)	প্রতি কিলোমিটার ৪ টাকা। অপেক্ষমান সময়ের জন্য (waiting time) প্রতি ঘন্টা জীপ/কার: ১৫ টাকা, মিনিবাস/মাইক্রোবাস: ২০ টাকা ও বাস: ২৫ টাকা।
০৪.	সরকারি সড়ক পরিবহন পুলে অবস্থিত ডরমিটরির সিট ভাড়া	প্রতিদিন ৩০ টাকা। (দুপুর ১২.০০ টা হতে পরদিন ১১.৫৯ টা পর্যন্ত।)

০২। পুনর্নির্ধারিত এ ভাড়ার হার/রেট অবিলম্বে কার্যকর হবে।

৫-১১-২০২৪

লুবনা ফারজানা

সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)

ফোন: ৫৫১০১১৪৫

ইমেইল:

adminbudgmon@mopa.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।
- ২) প্রধান উপদেষ্টার মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়।
- ৩) কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল , কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর দপ্তর, কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর কার্যালয়।
- ৪) সিনিয়র সচিব/সচিব (সকল)।
- ৫) পরিবহন কমিশনার , সরকারি যানবাহন অধিদপ্তর।
- ৬) উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয় (পরিপত্রটি গেজেটে পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)।
- ৭) সিনিয়র সিস্টেম এনালিস্ট, সিনিয়র সিস্টেম এনালিস্টের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয় (পরিপত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৮) চিফ একাউন্টস্ এন্ড ফিন্যান্স অফিসার, প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা এর দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয়।